

স্বাস্থ্য সেবা বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) বাস্তবায়ন কর্ম পরিকল্পনা, ২০২০-২০২২ কার্যকর বাস্তবায়নের লক্ষ্যে ২৩.০৯.২০২১খ্রি. তারিখে অনুষ্ঠিত পরিবীক্ষণ কমিটির সভার কার্যবিবরণীঃ

সভাপতি : সাবিনা ইয়াসমিন
অতিরিক্ত সচিব (প্রশাসন)
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

তারিখ ও সময় : ২৩.০৯.২০২১খ্রিঃ; বেলা ১১.০০ ঘটিকা।

স্থান : অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের অফিস কক্ষ, স্বাস্থ্য সেবা বিভাগ।

উপস্থিত সদস্যবৃন্দ:

- (ক) জনাব মনোজ কুমার রায়, যুগ্ম-সচিব (প্রশাসন), স্বাস্থ্য সেবা বিভাগ।
(খ) জাকিয়া পারভীন, উপসচিব, (পার-২), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
(গ) লেজিনা মোনা সুমি, সহকারী প্রোগ্রামার, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।


সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি বলেন যে, সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা, ২০২১-২০২২ যথাসময়ে বাস্তবায়ন করার জন্য মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা রয়েছে। এ বছর বার্ষিক কর্মপরিকল্পনা চুক্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতির কার্যক্রম অন্তর্ভুক্ত করা হয়েছে। এ বিষয়ে লক্ষ্যমাত্রা অনুযায়ী সকল কার্যক্রম সম্পন্ন করার বিষয়ে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

আলোচ্যসূচী:

ক্রমিক নং	কার্যক্রম	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১.	সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন	স্বাস্থ্য সেবা বিভাগে পরিবীক্ষণ কমিটি গঠন করা হয়েছে। কমিটির সভার সিদ্ধান্ত যথাসময়ে বাস্তবায়ন করার বিষয়ে আলোচনা করা হয়।	কমিটির সভার সিদ্ধান্ত যথাসময়ে বাস্তবায়ন করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।	ফোকাল পয়েন্ট কর্মকর্তা/বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা
২.	সেবা প্রদান প্রতিশ্রুতি ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদকরণ	সেবা প্রদান প্রতিশ্রুতি কার্যক্রম ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদকরণ বিষয়ে আলোচনা করা হয়। প্রতি তিন মাস অন্তর সিটিজেন চার্টার হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ করার বিষয়ে আলোচনা করা হয়।	সেবা প্রদান প্রতিশ্রুতি সেবাবন্ধ ২০/০৯/২০২১খ্রি. তারিখে হালনাগাদ করা হয়েছে। প্রতি তিন মাস অন্তর সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।	ফোকাল পয়েন্ট কর্মকর্তা/বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা
৩.	সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক প্রশিক্ষণ আয়োজন	সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে প্রতি কোয়ার্টারে একটি প্রশিক্ষণ আয়োজন করতে হবে। গত ২৬/০৮/২০২১খ্রি. তারিখে একটি প্রশিক্ষণ সমাপ্ত হয়েছে। আগামী নভেম্বর, ২০২১ এর মধ্যে আরেকটি প্রশিক্ষণ আয়োজন করা যেতে	প্রতি কোয়ার্টারে স্বাস্থ্য সেবা বিভাগের কর্মকর্তা/কর্মচারীদের নিয়ে একটি প্রশিক্ষণ আয়োজন করা যেতে পারে।	ফোকাল পয়েন্ট কর্মকর্তা/বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা

ক্রমিক নং	কার্যক্রম	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
		পারে।		
৪.	সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন	নভেম্বর, ২০২১ এর মধ্যে সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন করার সর্বাত্মক চেষ্টা করা হবে।	সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনায় ২০২১-২০২২ এর সকল কার্যক্রম ৩০ এপ্রিল, ২০২২ এর মধ্যে সমাপ্ত করতে হবে।	ফোকাল পয়েন্ট কর্মকর্তা/বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা

২। সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর সকল কার্যক্রম আগামী ৩০ এপ্রিল, ২০২২ এর মধ্যে সম্পন্ন করার উপর গুরুত্ব প্রদান করে সভাপতি সকলকে পুনরায় খন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত করেন।


 সাবিমা ইয়াসমিন
 অতিরিক্ত সচিব (প্রশাসন)
 স্বাস্থ্য সেবা বিভাগ
 স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়